

শিক্ষকদের বাড়ি ভাড়া বাড়ছে, জুলাই থেকে কার্যকর

অনলাইন ডেস্ক

প্রকাশ: ০৯ জুন, ২০২৬ ১২:২৮



শিক্ষকদের বাড়ি ভাড়া জুলাই থেকেই ১৫ শতাংশ হচ্ছে।
অন্তর্বর্তী সরকারের সময় সাড়ে ৭ শতাংশ বৃদ্ধি করা
হয়েছিল।

আগামী জুলাই থেকে দ্বিতীয় ধাপে ৭ শতাংশ বৃদ্ধি করে
তা ১৫ শতাংশ করা হবে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এডুকেশন
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ইএমআইএস)
সেলের প্রোগ্রামার মো. জহির উদ্দিন গণমাধ্যমকে
বলেন, 'সরকারের পূর্বের সিদ্ধান্ত মোতাবেক এ বছরের
জুলাই থেকে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা ১৫ শতাংশ
বাড়ি ভাড়া পাবেন।'

শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, অন্তর্বর্তী
সরকারের সময় নেওয়া সিদ্ধান্ত অনুযায়ী আসন্ন জুলাই
থেকেই শিক্ষকদের বাড়ি ভাড়া মূল বেতনের ১৫ শতাংশ
হওয়ার কথা। বিষয়টি নিয়ে বাজেট শাখা থেকে চিঠি
জারির কথা।

গত বছরের ২১ অক্টোবর বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া ভাতা ১৫ শতাংশ বৃদ্ধি করতে সম্মতি দেয় অর্থ মন্ত্রণালয়।

ওইদিন মন্ত্রণালয়ের জারি করা সম্মতিপত্রে বলা হয়, সরকারের বিদ্যমান বাজেটের সীমাবদ্ধতা বিবেচনায় নিয়ে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া ভাতা নিম্নোক্ত শর্তাদি পরিপালন সাপেক্ষে ১ নভেম্বর ২০২৫ তারিখ হতে মূল বেতনের ৭.৫ শতাংশ হারে (সর্বনিম্ন ২০০০ টাকা) এবং ১ জুলাই ২০২৬ তারিখ হতে উক্ত ৭.৫ শতাংশের অতিরিক্ত আরো ৭.৫ শতাংশ অর্থাৎ মূল বেতনের সর্বমোট ১৫ শতাংশ হারে (সর্বনিম্ন ২০০০ টাকা) নির্ধারণ করা হলো।